

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৯৩.০৭.০০০১.২৬.১২৮

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-২২/২০২৬ মামলা পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ মালেক চৌধুরী (৪১৬৫), সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান), পিতা মৃত: আব্দুস সাত্তার চৌধুরী, ঠিকানা: স্থায়ী ঠিকানা- বাড়ি নং ২/৮/সি-১, টোলারবাগ, মিরপুর-১২১৬, মিরপুর, ঢাকা। বয়স ৬০ বছর, পেশা-শিক্ষক, জাতীয়তা- বাংলাদেশী: জাতীয় পরিচয়পত্র নং ২৬৯৪৮১২০৫০৮০৬-কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বি.এস.আর পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ০১.০২.২০১৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসান করায় তিনি প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় এ.টি মামলা নং-২২/২০২৬ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর গং বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায়, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত এ. টি মামলা নং-২২/২০২৬ সচিব মহোদয়ের পক্ষে ১১.০৩.২০২৬ অথবা তাহার পূর্বে লিখিত জবাব/আপত্তি সত্যাপাঠসহ পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত এ. টি মামলা নং-২২/২০২৬ এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা করা;
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি:

(১) প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-২২/২০২৬ মামলা পরিচালনা

০৫-০৩-২০২৬

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

ফোন : ৫৫১০১১৬৯

ইমেইল : law.section1@shed.gov.bd

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৯৩.০৭.০০০১.২৬.১২৮/১ (৪)

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩। ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং
- ৪। কপি, ।।



A handwritten signature in black ink, appearing to be 'Abdul Jilil Muzumdar', located above the typed name.

০৫-০৩-২০২৬

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব